ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
**www.bb.org.bd**

এফআইডি সার্কুলার লেটার নং : ০৪/২০১৬

তারিখ : ০৩ অক্টোবর ২০১৬ / ১৮ আশ্বিন ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
চুক্তিতে অংশগ্রহণকারী ৩২টি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

**"১০ টাকার হিসাবধারীদের ২০০ কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কীম" এর আওতায় ব্যাংক কর্তৃক স্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের মাসিক অগ্রগতি প্রতিবেদন এর পরিবর্তে নতুন ফরম্যাটে ত্রৈমাসিক অগ্রগতি প্রেরণ প্রসঙ্গে।**

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল সংক্রান্ত ১৪ মে ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং: ০১/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এই স্কীমের আওতায় চুক্তিবদ্ধ ব্যাংকসমূহ ঋণ বিতরণের অগ্রগতি প্রতিবেদন মাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করে আসছে।

এক্ষণে, "১০ টাকার হিসাবধারীদের জন্য ২০০ কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কীম" এর আওতায় ব্যাংক কর্তৃক স্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের অগ্রগতি প্রতিবেদন নতুন ফরম্যাটে (সংযোজনী-ক) ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, প্রতিবেদন প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ১৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

নতুন ফরম্যাট অনুযায়ী ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সেপ্টেম্বর ২০১৬ ত্রৈমাসিক থেকে অত্র বিভাগে প্রেরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এতদ্‌সংক্রান্ত উল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনাগুলো অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রেজাউল করিম সরকার)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫৪১
ই-মেইলঃ mdrezaul.karim@bb.org.bd

সংযোজনী-ক

**আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় "১০ টাকার হিসাবধারীদের জন্য**
**<u>২০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল" ব্যবহারে ব্যাংকের.........ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।</u>**

**<u>ব্যাংকের নাম:</u>..........................................**

**<u>বিবরণীর কাল:</u> মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর**

১. সরাসরি ব্যাংকের নিজস্ব শাখার মাধ্যমে ঋণ বিতরণের জন্য কী কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে তার বিবরণ:

-

-

২. হালনাগাদ তথ্যাদি:

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | স্কীমের আওতায় অদ্যাবধি মোট পুঞ্জীভূত ঋণ বিতরণের পরিমাণ (১) | | | চলতি বছরের শুরু হতে মার্চ/জুন/সেপ্টেম্বর/ ডিসেম্বর ত্রৈমাসিক পর্যন্ত পুঞ্জীভূত ঋণ বিতরণের পরিমাণ (২) | | | চলতি ত্রৈমাসিকে ঋণ বিতরণের পরিমাণ | | চলতি ত্রৈমাসিকে ব্যাংক ও এমএফআই লিংকেজের মাধ্যমে মাসভিত্তিক বিতরণের পরিমাণ (টাকা) (চলতি ত্রৈমাসিকের ৩ মাস) (৫) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | সরাসরি ব্যাংকের নিজস্ব শাখার মাধ্যমে (টাকা) (৩) | ব্যাংক-এমএফআই লিংকেজের মাধ্যমে (টাকা) (৪) | | | |
| | (টাকা) | (গ্রাহকের সংখ্যা) | | (টাকা) | (গ্রাহকের সংখ্যা) | | | | ১ | ২ | ৩ |
| | | পুরুষ | মহিলা | | পুরুষ | মহিলা | | | | | |
| | | | | | | | | | | | |

**<u>MFI লিংকেজের মাধ্যমে ঋণ প্রদান করে থাকলে সেক্ষেত্রে MFI সমূহের তথ্যাদি:</u>**

| ক্রমিক নং | MFI এর নাম | MFI এর ঠিকানা | MFI এর সাথে চুক্তির তারিখ ও মেয়াদ | MFI এর মাধ্যমে বিতরণের জন্য কত টাকার চুক্তি সম্পাদিত হয়েছে? (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও স্বাক্ষর:**
**পদনাম:**
**ফোন নম্বর:**